দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 16 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩ ......

56

নারায়ণগঞ্জে শিক্ষা সেমিনারের অভিমত

# শিক্ষা কেনাবেচার সামগ্রীতে পরিণত হয়েছে

নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ শিক্ষা কেনা-বেচার সামগ্রীতে পরিণত হয়েছে। দেশের শাসকগোষ্ঠী মানুষকে শিক্ষিত করতে চায় না। বড় রাজনৈতিক দলগুলো নীতি বা নৈতিকতার অধঃপতন নিয়ে কথা বলছে না।'

৫ই ফেব্রুয়ারি শহরের আলী আহমদ চুনকা পৌর মিলনায়তনে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের স্থানীয় শাখার উদ্যোগে অনুষ্ঠিত শিক্ষানীতি ও শিক্ষা সংকট প্রসঙ্গে দিন-ব্যাপী এক শিক্ষা সম্মেলনে বক্তারা একথা বলেন।

সম্মেলন পরিচালনা করেন স্থানীয় ছাত্র-ফ্রন্টের সাধারণ সম্পাদক সুজিব সরকার এবং সভাপতিত্ব করেন আবু নঈম খান বিপ্লব। অনুষ্ঠানটি দুটি অধিবেশনে বিভক্ত ছিল। প্রথম অধিবেশনে আলোচনা করেন বাংলাদেশ ছাত্রমৈত্রীর জেলার সভাপতি আবু হাসান টিপু, ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় কমিটির সদস্য খোকন দাস, সাংস্কৃতিক সংগঠক রণজিত কুমার, ঢাকা বিশ্ববিদ্যা-লয়ের প্রভাষক গোবিন্দ চক্রবর্তী এবং বাসদ সমন্বয়ক মাহবুবুর রহমান ইসমাইল।

দ্বিতীয় অধিবেশনে আলোচনা করেন ছাত্র ইউনিয়নের জেলার সাধারণ সম্পাদক শিশির চক্রবর্তী, ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় কমি-টির অর্থ সম্পাদক আশরাফউদ্দিন আকাশ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, নারায়ণগঞ্জ মহিলা কলেজের অধ্যাপক হারাধন গাঙ্গুলি প্রমুখ।